শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট

বিষয় ঃ উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ ফারুক ইমরুল কায়েস
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ ঃ ০৮/০৭/২০২৪ খ্রিঃ
সভার সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'-তে দেখানো হলো।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী-কে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার,আদিতমারী গত মাসের সভার কার্যবিবরনী পাঠ করে শোনান এতে কোন সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন যে, কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় খরিপ-২ মৌসুমে ২০২৪-২০২৫ অর্থবছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সহায়তার লক্ষ্যে আদিতমারী উপজেলার জন্য খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে রোপা আমান ১৫০০ জন কৃষককে ধান চাষের নিমিত্ত জন প্রতি এক বিঘা জমিতে আবাদের জন্য ৫ কেজি ধান বীজ, ডিএপি- ১০ কেজি, এমওপি- ১০ কেজি সার ও বীজ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | কৃষি বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার আদিতমারী। |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট- সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আদিতমারী, লালমনিরহাট- ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল (যার জনবল ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতালের)। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী ও অন্তঃ বিভাগ সপ্তাহের ৭ দিন ২৪ ঘন্টা খোলা থাকে। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং দুর্গাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের বহিঃবিভাগ প্রত্যেক শনিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত সকাল ৮.০০ ঘটিকা হইতে বেলা ২.৩০ ঘটিকা পর্যন্ত খোলা থাকে এবং কমিউনিটি ক্লিনিক, টিকাদান কর্মসূচি সহ অন্যান্য মাঠকার্য সকাল- ৯.০০ ঘটিকা হতে বিকাল- ৩.০০ ঘটিকা পর্যন্ত চলমান থাকে। তিনি আরও জানান যে, জুন/২০২৪ ইং মাসে অত্র উপজেলায় মোট ১৭ জন চিকিৎসকের মধ্যে ১২ জন চিকিৎসক কর্মরত আছেন। বর্তমানে ১২ জন চিকিৎসক দিয়ে উপজেলার সকল চিকিৎসা কার্যক্রম পরিচালিত হচ্ছে। নার্সিং সুপার ভাইজার ০১ জন, ২৫ জন সিনিয়র স্টাফ নার্স, ০৪ জন মিডওয়াইফ ও সহঃ নার্স ০১ জন এবং ১০ জন সাব-এ্যাসিস্টেন্ট কমিউনিটি মেডিকেল অফিসারের মধ্যে ০৪ জন বর্তমানে কর্মরত আছেন। বহিঃবিভাগে রোগীর সংখ্যা মোটঃ ৫৬৭৮ জন। জরুরী বিভাগে মোট সেবাঃ ১২২৬ জন। তন্মধ্যে আন্তঃবিভাগে ভর্তি রোগীর সংখ্যা মোট- ৪৬৯ জন। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স-এ প্রসবপূর্ব সেবাঃ ১৭৬ জন, মোট প্রসব- ৫৮ টি। সার্ভিক্যাল এন্ড ব্রেষ্ট ক্যান্সার স্ক্রিনিং কার্যক্রমে ৪০ টি পরীক্ষা করা হয়েছে। প্রতিদিন সকাল- ৮.০০ ঘটিকা হতে বেলা ২.৩০ মিনিট পর্যন্ত সার্ভিক্যাল এন্ড ব্রেষ্ট ক্যান্সার স্ক্রিনিং পরীক্ষা করা হয়। কমিউনিটি ক্লিনিকে রোগীর সংখ্যা- ১০৭৯১ জন। ইপিআই পরীক্ষার কার্যক্রম চলমান। আদিতমারী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এবং দুর্গাপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রে আইএমসিআই ও পুষ্টি কার্যক্রম চলমান। কমিউনিটি ভিশন সেন্টারে সপ্তাহে ০৬ দিন চোখ পরীক্ষা এবং চশমা বিনামূল্যে বিতরণ করা হয়। অত্র স্বাস্থ্য কমপ্লেক্সের ওটি কমপ্লেক্স-এ মেজর অপারেশন চলমান রয়েছে। জুন/২০২৪ ইং মাসে মোট ০৪টি সিজার অপারেশন সম্পন্ন হয়েছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | স্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল এবং সঠিক ভাবে পরিচালনা করার জন্য উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা আদিতমারী, |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী সভায় জুন/২০২৪ খ্রিঃ মাসের দাপ্তরিক কার্যক্রম নিম্নরুপভাবে উপস্থাপন করেন। কৃত্রিম প্রজনন সম্প্রসারণ- ৮০০ টি, শংকর জাতের বাছুর উৎপাদন- ১৭৩, টিকা প্রদান সম্প্রসারণ ঃ গবাদি পশুর- ১৫৭৪ মাত্রা, হাঁস-মুরগীর- ৪৯৭০০ মাত্রা, চিকিৎসা প্রদান- গবাদি পশুর চিকিৎসা প্রদান- ২৫৯৯ টি, হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান- ১৭০৫৯ টি, রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ (সংখ্যা)- ১০, ডিজিজ সার্ভিল্যান্স (সংখ্যা)- ০২, প্রশিক্ষণের মাধ্যমে খামারীদের দক্ষতা বৃদ্ধিকরণ (সংখ্যা)- ১০৫, উঠান বৈঠকের আয়োজনের সংখ্যা- ০৫ টি, উঠান বৈঠকে অংশ গ্রহণকারীর সংখ্যা- ৪৮ টি, ঘাষ চাষ সম্প্রসারণ (একর)- ১টি, খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন (সংখ্যা)- ১০ টি, ডিম উৎপাদন- ৪৩লক্ষ, দুধ উৎপাদন- ২২৫০ মেঃ টন, মাংস উৎপাদন- ১৭৭২মেঃটন, ফ্রি ভেটেরিনারি মেডিকেল টিম-০১টি। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আরো গতিশীল করার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, আদিতমারী। |
| ০৪ | প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল ভবন, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা- ১০০০, এর কার্যালয়ের নির্দেশনা মোতাবেক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় লালমনিরহাট জেলার আদিতমারী উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) বাস্তবায়নের সম্মতি পাওয়া গিয়াছে। এপ্রেক্ষিতে অত্র উপজেলার উপ-প্রকল্প নম্বর INF-2021-2022-555202-01, উপ-প্রকল্পের শিরোনাম ঃ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে সোলার স্ট্রিট লাইট স্থাপন করণ কাজটি সংশ্লিষ্ট ঠিকাদার ঃ মেসার্স সৈকত এন্টারপ্রাইজ, তারাগঞ্জ, রংপুর, লালমনিরহাট সমাপ্ত করেছেন। এপ্রেক্ষিতে উক্ত ঠিকাদারের নামে চূড়ান্ত বিল প্রদান করা যেতে পারে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে আদিতমারী উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৬ষ্ঠ পর্যায়) উপ-প্রকল্প নম্ব INF- 2021-2022-555202-01, উক্ত কাজের চূড়ান্ত বিল এখনে সর্বমোট ভ্যাট ও আয়কর ব্যতীত= ৩৫,৯৬,৪১৫/- (পঁয়ত্রিশ লক্ষ ছিয়ানব্বই হাজার চারশত পনের টাকা) এবং ভ্যাট ও আয়করসহ ৪০,১৮,৩৪১/- (চল্লিশ লক্ষ আঠারো হাজার তিনশত একচল্লিশ) টাকার বিলটি পরিশোধের জন্য সভায় সকল সদস্য একমত পোষন করেন এবং বিলটি পরিশোধের নিমিত্ত উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট বিল ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী ও উপজেলা প্রকৌশলী, আদিতমারী, লালমনিরহাট। |
| ০৫ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার আদিতমারী সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা শিক্ষা অফিসার-কে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | সভায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদিতমারী |
| ০৭ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আদিতমারী সভায় ২০২৩-২০২৪ অর্থ বছরে আদিতমারী উপজেলায় বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতির বিবরণ নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। কাবিখা নির্বাচনী এলাকা ভিত্তিক (১ম পর্যায়ে) ঃ নগদ অর্থের পরিমান- ৫০,০০,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ৪১ টি কাজের অগ্রগতি- ১০০%। চালের বিপরীতে বরাদ্দের পরিমান- ৬৩.০০০ মেঃটনঃ প্রকল্প সংখ্যা- ০৪টি, কাজের অগ্রগতি- ১০০%। কাবিখা সাধারণ (১ম পর্যায়ে)ঃ নগদ অর্থের পরিমান- ৫৮,৩৩,৮৪০/৮৩ টাকা, প্রকল্প সংখ্যা- ২০, কাজের অগ্রগতি- ১০০%। চালের বিপরীতে বরাদ্দের পরিমান- ২৮.১৪৫৬ মেঃ টনঃ প্রকল্প সংখ্যা- ০৬, কাজের অগ্রগতি- ৮৫%। গমের বিপরীতে বরাদ্দের পরিমান- ২৮.১৪৫৬ মেঃ টনঃ প্রকল্প সংখ্যা- ০৬, কাজের অগ্রগতি- ১০০%। কাবিখা সাধারণ (২য় পর্যায়ে)ঃ চালের বিপরীতে বরাদ্দের পরিমান- ২৮.১২৯৪ মেঃ টনঃ প্রকল্প সংখ্যা- ০৬, কাজের অগ্রগতি- ৯৫%। গমের বিপরীতে বরাদ্দের পরিমান- ২৮.১২৯৪ মেঃ টনঃ প্রকল্প সংখ্যা- ০৬, কাজের অগ্রগতি- ৮৫%। কাবিখা নির্বাচনী এলাকা ভিত্তিক (২য় পর্যায়ে) ঃ চালের বিপরীতে বরাদ্দের পরিমান- ৬৩.০০০ মেঃটনঃ প্রকল্প সংখ্যা- ০৯ টি, কাজের অগ্রগতি- ৯০%। টি,আর (নির্বাচনী) ১ম পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ৪৩,৪৮,৩৩৩/৩৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আদিতমারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | টাকা, প্রকল্প সংখ্যা- ৬৭। কাজের অগ্রগতি- ১০০%। টি,আর (নির্বাচনী) ২য় পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ৩০,৪৫০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ৪৩। কাজের অগ্রগতি- ৮৫%। টি,আর (সাধারণ) ১ম পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ৪৪,৩৮,৬৫৩/৫৯ টাকা, প্রকল্প সংখ্যা- ২২ টি, কাজের অগ্রগতি- ১০০%। টি,আর (সাধারণ) ২য় পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ২৩,৮৮,২৯৩/৮৯ টাকা, কাজের অগ্রগতি- ৯৫%। টি,আর বিভাগীয় কমিশনার (১ম পর্যায়) বরাদ্দের পরিমান ঃ ২,৫০,০০০/- টাকা প্রকল্প সংখ্যা- ০২ কাজের অগ্রগতি ১০০%। টি,আর (জেলা প্রশাসক) ১ম পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ৪,০০,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ০৫টি, কাজের অগ্রগতি ১০০%। টি,আর (জেলা প্রশাসক) ২য় পর্যায়ে ঃ বরাদ্দের পরিমান- ১,০০,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ০১টি, কাজের অগ্রগতি ১০০%। ইজিপিপি কর্মসূচি (১ম পর্যায়) ঃ বরাদ্দ পরিমান ঃ ২,২৭,৫২,০০০/- প্রকল্প সংখ্যা- ৬৪, কাজের অগ্রগতি- ১০০%। বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ ঃ বরাদ্দের পরিমান- ২,৮২,২০,৯২৭/- প্রকল্প সংখ্যা- ০১টি, কাজের অগ্রগতি ৭০%। সেতু/গার্ডার ব্রীজ প্রকল্পের বরাদ্দ- ২,০৩,২৮,১০৯/৫৫ টাকা প্রকল্প সংখ্যা- ০৬, কাজের অগ্রগতি- ৯০%। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন প্রকল্পের বরাদ্দ- ৫,৯২,৩৬,০৪৪/- টাকা প্রকল্প সংখ্যা- ৩৯ টি ব্যয়ের পরিমান- ২,৩৯,৬১,৭৫৫/- কাজের অগ্রগতি- ৮৫%। এইচ বিবি কর্মসূচি বরাদ্দ- ৩,৩৫,৪৪,০০০/- টাকা, প্রকল্প সংখ্যা- ০৪টি, কাজের অগ্রগতি- ৩৫%। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | |
| ০৮ | সমাজ সেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতার পেরোল সম্পন্ন হয়েছে। রোগী কল্যাণ সমিতি ও ক্যাপিটেশন গ্রানট প্রাপ্ত বেসরকারী এতিমখানা রোগী কল্যাণ সমিতি- প্রাপ্ত বরাদ্দ- ১০,০০,০০০/- টাকা, বিতরণ- ৫,০০০/- টাকা করে ০২ জন রোগী, কার্যক্রম- চলমান। আশ্রায়ন প্রকল্প বরাদ্দ ঃ আশ্রায়ন প্রকল্প বরাদ্দ ঃ প্রাপ্ত বরাদ্দ ৮০টি ঘর, ঘর বিতরণঃ ২০ টি কার্যক্রম ঃ বরাদ্দ স্বল্পতার কারণে ৬০টি ঘরের অর্থ ফেরৎ। ভিক্ষুক পুর্নবাসন- প্রাপ্ত বরাদ্দ- ভেলাবাড়ী- ৬৬ জন, মহিষখোচা- ১২ জন এবং সাপ্টিবাড়ী- ১৬ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, আদিতমারী |
| ০৯ | মৎস্য বিভাগ | সভায় উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার আদিতমারী |
| ১০ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় জুন/২০২৪ খ্রিঃ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপে উপস্থাপন করেন। পরিবার পরিকল্পনা কার্যক্রম ঃ মোট সক্ষম দম্পতি ঃ ৫০,৬৫২ জন, মোট পদ্ধতি গ্রহণকারী ঃ ৪১,১৩৭ জন, পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ঃ ৮১.২১%, স্থায়ী পদ্ধতি ঃ পুরুষ- নেই, মহিলা- ০৩ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি ঃ আইইউডি- ২৯ জন, ইমপ্লান্ট- ৫৬ জন, অস্থায়ী পদ্ধতি ঃ খাবার বড়ি সুখী বিতরণ- ৪৩০১ সাইকেল, খাবার বড়ি আপন বিতরণ- ৬৯ সাইকেল, কনডম- ৮০৭১পিস, ইনজেকটেবল্স- নেই। মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমে ঃ- গর্ভবতী মায়ের সংখ্যা- ১,৫৬৫ জন, গর্ভবতী মায়ের পরিচর্যা- ১৪৩২ জন, প্রসবোত্তর সেবা- ১০৩৩ জন,২৪/৭ ডেলিভারী- ৩৪ জন, জীবিত জন্ম- ২০২ জন, ০-৫ বছরের শিশু সেবা- ৩,১৮১ জন, সাধারণ রোগীর সেবা- ৩,৩৫২ জন। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার আদিতমারী |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সভায় জানান যে, চলতি অর্থবছরে মোট ১টি ব্যাচে ৩০ জন বেকার যুব ও যুব মহিলাকে গরু মোটা তাজা করণ বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। মোট ০৫ জন বেকার যুব ও যুব মহিলাকে ২,৯২,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। মোট ঋণ- ১১৭৩ জন, সর্বমোট বিতরণ- ২,২৮,১৫,০০০/- মোট প্রশিক্ষণ- ৮,৫৯৯ জন। যুব ৩,৫৩৪ জন এবং যুব মহিলা- ৫,০৬৫ জন। মোট আত্মকর্মী- | উপজেলা যুব উন্নয়ন দপ্তরের কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৪,৭৮০ জন, যুব- ১৯৯৭ জন এবং যুব মহিলা- ২,৭৮৩ জন। মোট যুব সংগঠন- ১২টি। ঋণ আদায়ের হার- ৮০%। এছাড়া বিভাগের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১২ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, (০১) **ভিডব্লিউবি কার্যক্রম** ঃ ২০২৩-২০২৪ চক্রের ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত ৪২৯.৬০ বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে নভেম্বর/২০২৩ মাসের ৭১.৬১০ মেঃটনঃ চাউল এর ডিও প্রদান করা হয়েছে। (০২) মা ও শিশু সহায়তা কার্যক্রম ঃ ২০২২-২০২৩ অর্থ বছরের জুলাই/২২ হতে জুন/২৩ পর্যন্ত মোট ১২ মাসের ১১৮০ জন ভাতাভোগী মহিলাদের ডাটা এন্টি করা হয়েছে এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ইউনিয়ন প্রতি ০৬ জন করে বরাদ্দ পাওয়া গেছে ইহা চলমান।<br>(০৩) প্রশিক্ষণ কার্যক্রম (ডব্লিউ,টি,সি) ঃ ২০২৩-২০২৪ অর্থ বৎসরে অক্টোবর/২৩ হতে ডিসেম্বর/২৩ পর্যন্ত ৩০ জন প্রশিক্ষনার্থী মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। (০৪) **মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিলঃ** এই তহবিলের আওতায় সদর কার্যালয় হতে ১৩,০০,৯৫২/৫৮ টাকা পর্যায়ক্রমে পাওয়া গেছে। উক্ত টাকা বর্তমানে রিকোভারী হিসাবে ২৫,৪৬,০০০/৩৯ টাকায় দাড়িয়েছে। বর্তমানে অনাদায়ী চলতি মাঠে- ৬,৪৮,৩৯০/- টাকা মেয়াদ উর্ত্তীণ (খেলাপী) - ৪,৯৪,২৯৬/৩৯ টাকা অনাদায়ী। (০৫) কিশোর কিশোরী ক্লাব ঃ ২০১৯-২০২২ অর্থ বছর হতে অত্র উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদের নিকটবর্তী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষে প্রতি শুক্র ও শনিবার ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জনকে সংগীত, আবৃত্তি ও কাড়াতে শিক্ষা প্রদান করা হচ্ছে এবং ক্লাস শেষে ছাত্র ছাত্রীদের মাঝে ৩০ টাকার নাস্তা প্রদান করা হয়। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। (০৬) স্বেচ্ছাসেবী মহিলা সমিতি/সংস্থা ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরের ০৬ (ছয়)টি সমিতি/সংস্থা উপজেলা কমিটি কর্তৃক চুড়ান্তভাবে অনুমোদন পূর্বক জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে। (০৭) জয়িতা অন্বেষণে বাংলাদেশ ঃ জয়িতা অন্বেষণে বাংলাদেশ শীর্ষক কার্যক্রম ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ০৫ (পাঁচ) ক্যাটাগরীতে ০৫ জনকে উপজেলা কমিটিতে অনুমোদন পূর্বক জেলা কমিটিতে প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম গতিশীল ও করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আদিতমারী |
| ১৩ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কর্মকর্তা আদিতমারী লালমনিরহাট সভায় জুন/২০২৪ খ্রিঃ মাসের কার্যক্রম সম্পর্কে জানান যে, (১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের ৯৬টি ৬নং অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়াছে। (২) মুজিববর্ষ (৪র্থ পর্যায় ২য়) উপলক্ষে আবাসন প্রকল্পে ১৬টি ৬নং অগভীর নলকূপের কাজ সুসম্পন্ন হয়েছে। (৩) সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৮টি কমিউনিটি নলকূপের কাজ চলমান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য বিভাগের কার্যক্রম আরও গতিশীল করার জন্য সহকারী জনস্বাস্থ্য কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, আদিতমারী। |
| ১৪ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় অফিসার, আদিতমারী সভায় জানান যে, বিভাগীয় অডিট যোগ্য সমিতির সংখ্যা- ১২৮টি, অডিট সম্পাদনকৃত সমিতির সংখ্যা- ১২৮ টি, অডিট নোট দাখিল- ১২৮ টি, ধার্যকৃত অডিট সেস- ২৪৪৩০/- টাকা, আদায়কৃত অডিট সেস- ২৪৪৩০/-, অনাদায়ী অডিট সেস- নেই, ১৫% ভ্যাট আদায়- ৩৬৬৫/-, আদায় হার- ১০০%। ধার্যকৃত সিডিএফ- ৭৪০৬/- টাকা, আদায়কৃত সিডিএফ- ৭৪০৬/- টাকা। অনাদায়ী সিডিএফ- নেই, আদায় হার- ১০০%। সমিতির সংখ্যা- ২১ টি। আশ্রয়ন/আশ্রয়ন (ফেইজ ২) এর অনুকূলে মোট আশ্রয়ন- ৪টি এবং সমিতি মোট- ০৫ টি। ব্যারাক সংখ্যা- ২২ টি, কক্ষ ও পূনর্বাসিত পরিবার সংখ্যা- ২২০ টি, মোট সদস্য সংখ্যা- ৪৫১ জন (পুরুষ- ২১২, মহিলা- ২৩৯ জন), কমিউনিটি সেন্টার- ০৩ টি, পুকুর/দিঘী- ০৩ টি। আবাস হতে প্রাপ্ত মোট বরাদ্দ- ১৬,৬০,০০০/- টাকা, প্রকল্পে ঋণ দাদন- ৪০,৪৩,৫০০/- টাকা, ঋণ আদায়- ২৭,৩৩,৭৭৭/- টাকা (আসল- ২৫,৩১,২৭৫/- টাকা, | সমবায় বিভাগের কার্যক্রম সঠিকভাবে তদারকি করার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয় | উপজেলা সমবায় অফিসার, আদিতমারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সাঃ চাঃ ২,০২,৫০২/- টাকা)। খেলাপী ঋণ- ১৭,৯৬,৬২৩/- টাকা, আদায়ের হার- ৬৫%। আবাসের সার্ভিস চার্জ প্রেরণ- ৭৩,৪৫৪/- টাকা। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | | |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | সভায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জুন/২০২৪ খ্রিঃ মাসের গৃহিত কার্যক্রমের বিষয়ে দাপ্তরিক কাজের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। (১) ফসলী ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে-নেই, ক্রমঃ নেই। (২) মেয়াদী ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ নেই। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- নেই, ক্রমঃ নেই। (৩) আবর্তক ঋণ ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- ০.৩৫, ক্রমঃ ১১.৬৫,। ঋণ বিতরণ ঃ মাসে- ২.৪০, বছরে- ৫.৬২, ক্রমঃ ২৩২.৭১। ঋণ আদায় ঃ মাসে- ০.৯০, বছরে- ৩.৫১, ক্রমঃ ১৯২.৪৪। (৪) সদাবিক ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ ৮.৫০,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে নেই, ক্রমঃ ১৮০.১০। ঋণ আদায় ঃ মাসে- ০.৩০, বছরে-১.১০, ক্রমঃ ১৩৯.৭২। (৫) পল্লী প্রগতিঃ- পুজি গঠন ঃ- মাসে নেই, বছরে- ০.৫০, ক্রমঃ ১.৭৪,। ঋণ বিতরণ ঃ মাসে-১.০০, বছরে- ৭.৫০, ক্রমঃ ৩৭.৭৯। ঋণ আদায় ঃ মাসে- ০.২০, বছরে- ৬.৪০, ক্রমঃ ১৯.৮২। (৬) অস্বচ্ছল মুক্তিযোদ্ধা ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ নেই। ঋণ বিতরণ ঃ মাসে- নেই, বছরে- ২.৫০, ক্রমঃ ১৪.৬৪। ঋণ আদায় ঃ মাসে- ০.০৫, বছরে- ০.৫৪, ক্রমঃ ৭.৫০।(৭) উদকনিকঃ- পুজি গঠন ঃ- মাসে- নেই, বছরে- ০.৫০, ক্রমঃ ৪.১০। ঋণ বিতরণ ঃ মাসে- ৬.৭০, বছরে- ৬.৭০, ক্রমঃ ১১৬.৮০। ঋণ আদায় ঃ মাসে- ০.১০, বছরে- ৩.৩০, ক্রমঃ ৯২.৪৪।(৮) অপ্রধান শস্য ঃ- পুজি গঠন ঃ- মাসে- ০.৪০, বছরে- ০.৪২, ক্রমঃ ৮.৫৮। ঋণ বিতরণ ঃ মাসে- নেই, বছরে- ৩.৮০, ক্রমঃ ৪৮.৬৬। ঋণ আদায় ঃ মাসে- ২.০০, বছরে- ৯.২৪, ক্রমঃ ২৮.৫৭। (৯) গুচ্ছ গ্রাম ঃ- পুজি গঠন ঃ- মাসে-নেই, বছরে- নেই, ক্রমঃ ০.৪৯,। ঋণ বিতরণ ঃ মাসে-নেই, বছরে-নেই, ক্রমঃ ৪.১০। ঋণ আদায় ঃ মাসে- নেই, বছরে- ২.৬১, ক্রমঃ ২.৬১। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী। |
| ১৬ | বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে বিভাগের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | বন বিভাগের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা বন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, আদিতমারী |
| ১৭ | খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, সংগৃহিত চাল- ১০১৩.৩৪০, ধান- ৮৪.০০, খালিবস্তা- ৪৪৫৭০ খানা, মোট মজুদ- ৯৭৩.৪০৫ চাল। এছাড়া বিভাগের কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কর্মকর্তা আদিতমারী |
| ১৮ | সাব-রেজিষ্টার বিভাগ | সাব-রেজিষ্টার কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য সাব-রেজিষ্টার কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | সাব-রেজিষ্টার আদিতমারী |
| ১৯ | পল্লী সঞ্চয় ব্যাংক | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে কিছু জানা গেলো না। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক আদিতমারী, লালমনিরহাট। |
| ২০ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা আনসার ভিডিপি অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা-কে অনুরোধ করা হয় | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আদিতমারী |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা নির্বাচন অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার আদিতমারী |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, আদিতমারী | সভায় পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী জোনাল অফিস এর ডিপুটি জেনারেল ম্যানেজার জানান যে, পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | পল্লী বিদ্যুৎ অফিসের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য ডিপুটি জেনারেল ম্যানেজার, আদিতমারী-কে অনুরোধ করা হয়। | ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আদিতমারী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, আদিতমারী | সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তাকে কার্যক্রম আরও গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন, কর্মকর্তা, আদিতমারী। |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিসংখ্যান বিভাগের কার্যক্রম আরও সঠিক ভাবে পরিচালনার করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান অফিসার, আদিতমারী |
| ২৫ | তথ্য আপা প্রকল্প | সভায় তথ্য আপা প্রকল্পের তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী জানান যে, আদিতমারী উপজেলা তথ্যকেন্দ্রে বিনামূল্যে নারীদের প্রাথমিক স্বাস্থ্যসেবা, অনলাইন ভিত্তিক সেবা, নারী নির্যাতন, বাল্যবিবাহ সম্পর্কিত বিভিন্ন সমস্যার সমাধান ও পরামর্শ প্রদান এবং ই-কমার্সের তথ্য প্রদান হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রে সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তথ্যআপা প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, আদিতমারী |
| ২৬ | উপজেলা পাট উন্নয়ন দপ্তর | সভায় উপজেলা পাট অফিসার, জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | উপজেলা পাট উন্নয়ন দপ্তরের কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পাট অফিসার, আদিতমারী |
| ২৭ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস | সভায় উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান যে, বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসের কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার আদিতমারী |
| ২৮ | উপজেলা কমিটি | সভায় আলোচনাকালে স্থায়ী কমিটির সভাপতিগণ জানান যে, নীতিমালার আলোকে নিয়মিতভাবে স্থায়ী কমিটির সভার কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থায়ী কমিটির সভাগুলোকে আরও গতিশীল করার জন্য সভায় অনুরোধ করা হয়। | সভাপতি উপজেলা স্থায়ী কমিটি আদিতমারী |
| ২৯ | ইনোভেশন টিম বিষয়ক | অত্র উপজেলায় ইনোভেশন টিম বিষয়ক সকল কার্যক্রম সঠিক ভাবে চলছে। | সভায় আলোচনান্তে উপজেলা ইনোভেশন টিম বিষয়ক কার্যক্রম গতিশীল করার জন্য অনুরোধ করা হলো | সভাপতি উপজেলা ইনোভেশন টিম, আদিতমারী |
| ৩০ | বিবিধ | (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (২০১১ পর্যন্ত সংশোধিত) এর ১৫-(১) ধারা অনুযায়ী চেয়ারম্যান প্যানেল (ভাইস চেয়ারম্যানদ্বয় হতে) গঠনের বিষয়ের বিস্তারিত আলোচনা করেন। উক্ত ধারার নির্দেশনা মোতাবেক ভাইস চেয়ারম্যানগণ তাহাদের নিজেদের মধ্য হইতে অগ্রাধিকারক্রমে দুই সদস্যবিশিষ্ট একটি চেয়ারম্যান প্যানেল গঠন করতে একমত পোষন করায় নিম্নরুপভাবে চেয়ারম্যান প্যানেল গঠন করা হয়। (১) জনাব মোঃ মাইদুল ইসলাম সরকার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট, প্যানেল চেয়ারম্যান-১ এবং (২) জনাব মোছাঃ ছামসুন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট, প্যানেল চেয়ারম্যান-২। | (ক) সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ১৫-(১) ধারা অনুযায়ী দুই সদস্যবিশিষ্ট গঠিত চেয়ারম্যান প্যানেলটি সভায় অনুমোদন করা হয় এবং গঠিত প্যানেল চেয়ারম্যানের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) উপজেলা নির্বাহী অফিসার আদিতমারী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফারুক ইমরুল কায়েস)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ
আদিতমারী, লালমনিরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট।
aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০২.০০০.০২.০৬৬.২০৭২৮(৫০) তারিখ: ০৮/০৭/২০২৪ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ-

০১। জনাব নুরুজ্জামান আহমেদ, মাননীয় জাতীয় সংসদ সদস্য-১৭, লালমনিরহাট-২
এবং
উপদেষ্টা, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, লালমনিরহাট।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আদিতমারী, লালমনিরহাট।
০৮। উপজেলা ........................................................................ অফিসার, আদিতমারী, লালমনিরহাট।
০৯। চেয়ারম্যান ........................................................................(সকল) ইউ.পি, আদিতমারী, লালমনিরহাট।

08/07/24

(নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট
ফোন ঃ ০৫৯২২-৫৬০০১ (অঃ)
ফ্যাক্স নং ঃ ০৫৯২২-৫৬০৮০
Email. unoaditmari@mopa.gov.bd

8/7/24